গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

ময়মনসিংহ

www.mymensingh.gov.bd

ময়মনসিংহ জেলার আগষ্ট/২০২১ খ্রি. মাসের জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ এনামুল হক<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২২ আগষ্ট ২০২১খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৪৫ ঘটিকা |
| স্থান | অনলাইন (Zoom Software এর মাধ্যমে) |
| উপস্থিতি | ৩৪ (চৌত্রিশ) জন |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ অনলাইনে সংযুক্ত সভার সকলকে শুভেচ্ছা জানিয়ে আগষ্ট/২০২১ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধন আছে কি না, তা জানতে চান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সদস্য সচিব কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহিয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এবং ১৫ আগষ্টের সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা ও আত্মার মাগফেরাত কামনা করে ময়মনসিংহ জেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১: গত ২৭ জুলাই ২০২১খ্রি. তারিখে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ এর জন্য মনোনয়ন/আবেদনপত্র ও **ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১** বিজ্ঞপ্তি আহ্বান করা হয় এবং বাছাই কমিটির নিকট দাখিলের সর্বশেষ তারিখ ২৭ আগষ্ট ২০২১খ্রি. তারিখ নির্ধারণ করা হয়েছে। ব্যক্তিগত, দলগত ও প্রাতিষ্ঠানিকভাবে এ বিজ্ঞপ্তির আলোকে আবেদন করা যাবে। বাছাই কমিটি কর্তৃক যাচাই বাছাই শেষে আগামী ২০ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে আইসিটি অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে মর্মে জানানো হয়। বিস্তারিত তথ্য www.digitalbangladesh.gov.bd এই ওয়েব সাইট থেকে জানা যাবে। উল্লেখ্য যে, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ এর বিজয়ীদের ব্যক্তি পর্যায়ে ০২ (দুই) লক্ষ টাকা এবং দলগতভাবে ০৫ (পাঁচ) লক্ষ টাকা পুরস্কার প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | গত ০১ জানুয়ারি ২০২০ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত আইসিটি সংশ্লিষ্ট যেকোন উন্নয়ন কর্মকান্ড বিবেচনা পূর্বক ব্যক্তিগত, দলগত ও প্রতিষ্ঠানকে ডিজিটাল ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ প্রদান করা হবে। জেলা ও উপজেলা হতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠপুরস্কারের জন্য আবেদন করতে পারবে। ২৭ আগস্ট ২০২১খ্রি. তারিখের মধ্যে যেসকল আবেদন জমা হবে তা বাছাইপূর্বক ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রি. এর মধ্য জাতীয় কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা বাছাই কমিটি |
| ২.২ | মাস্ক বিতরণী কর্নারঃ করোনাকালীন সময়ে বিভিন্ন জেলা থেকে যেসকল সংস্থা মাস্ক বিতরণ করছে সে সকল তথ্য কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের লক্ষ্যে মাস্ক বিতরণী হাব (www.maskhub.corona.gov.bd) তৈরি করা হয়েছে। উক্ত ওয়েব সাইটে রেজিস্ট্রেশনপূর্বক ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের পক্ষ থেকে মাস্ক বিতরণের তথ্য আপলোড করা যাবে। করা হবে। সদস্য সচিব এ জেলা এবং উপজেলার সকল দপ্তরকে উক্ত সাইটে প্রবেশ নিবন্ধন করে মাস্ক বিতরণের তথ্য আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | মাস্ক বিতরণী কর্নারে লগইন করে বিভিন্ন দপ্তরের মাস্ক বিতরণের তথ্য আপলোড করতে হবে। জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ www.maskhub.corona.gov.bd সাইটে আপলোডকৃত তথ্য অনুমোদন দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল)<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা<br>প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পে<br>নতুন করে সারাদেশে ৫০০০ ল্যাব প্রদান করা<br>হবে। উক্ত ল্যাব প্রাপ্তির জন্য প্রকল্প পরিচালক<br>বরাবর মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক ১৫টি<br>করে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>বরাবর ডিও লেটারের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। স্কুল<br>অফ ফিউচার এর জন্য প্রতিটি<br>সংসদীয় আসন থেকে ০১টি করে মোট ৩০০টি<br>শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হবে। ময়মনসিংহ<br>জেলায় ১১টি সংসদীয় আসন থেকে স্কুল অফ<br>ফিউচারসহ সর্বমোট ২৪১টি ল্যাবের তালিকা<br>জেলায় প্রেরণ করা হয়েছে। সকল সংসদীয়<br>আসনের ল্যাবের আবেদনসমূহ চূড়ান্ত যাচাই-<br>বাছাই সম্পন্ন হয়েছে। | পূর্বে স্থাপিত ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলাল্যাব পরিচালনা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী পোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। যাচাইকৃত ২৪১ টি ল্যাবের তালিকা অনলাইন প্রকল্প পরিচালক এর নিকট প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক<br>(শিক্ষা ও আইসিটি)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারি কমিশনার (আইসিটি ) |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | <u>ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্পঃ</u> ইনফো সরকার ফেজ-৩ এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৪৫টি ইউনিয়নের মধ্যে ১০৭টি ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে (৯৫টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ৮৭টি ইউনিয়নে ওয়াইফাই চালু হয়েছে)। ১০৪টি ইউনিয়নে ডিভাইস সেট আপ হয়েছে এবং কার্যকর হয়েছে ১০৩টি।<br>ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় স্থাপিত ইউনিয়ন POP হতে এনটিটিএন কর্তৃক CSR এর আওতায় ইউডিসি উদ্যোক্তাদের বিনামূল্যে প্রদানকৃত ইন্টারনেট সেবা বন্ধ থাকবে।<br>ইউডিসির উদ্যোক্তাগণ সরকার নির্ধারিত “ এক দেশ এক রেট” প্যাকেজ অনুযায়ী Internet Service Provider (ISP) দের ইন্টারনেট বিল পরিশোধ করবে।<br>এছাড়াও, ফুলপুর এবং নান্দাইল উপজেলার সহকারী প্রোগ্রামারগণ ইউনিয়নে স্থাপিত POP রুমের বকেয়া বিদ্যুৎ বিলের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের জুনিয়র নেটওয়ার্ক স্পেশালিস্ট জনাব আহ্মেদ আল মাসুদ জানান যে, সকল POP রুমের বকেয়া বিল প্রকল্প দপ্তর থেকে প্রেরণের কাজ চলমান আছে।অতি দ্রুত ইউনিয়নে স্থাপিত POP এর বকেয়াসহ বিদ্যুৎ বিল পরিশোধ করা হবে। | BTRC কর্তৃক নির্ধারিত “এক দেশ এক রেট” অনুযায়ী ইউডিসি উদ্যোক্তাবৃন্ধ আইএসপিদের মাধ্যমে ইউনিয়ন আইএসপি প্রতিষ্ঠান পাওয়া না গেলে ইউনিয়ন POP হতে ব্রডব্যান্ড সেবা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প)<br><br>সামিট কমিউনিকেশনস্ লি.,ময়মনসিংহ এর প্রতিনিধি |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | ই-নথি বাস্তবায়ন ও প্রশিক্ষণঃ ২০২০-২০২১ অর্থ বছরে জেলা পর্যায়ে ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখ হতে ০২ (দুই) দিনব্যাপী ০৩টি ব্যাচের মাধ্যমে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরোও ০২টি ব্যাচের তালিকা প্রশিক্ষণের জন্য প্রস্তুত রয়েছে। এছাড়াও, গত ১২ এপ্রিল ২০২১খ্রি. তারিখ হতে শুরু হয়ে আরোও ০৮ টি ব্যাচে ২৫ জন করে ২০০ জন এবং ০২টি ব্যাচে ৩০জন করে ৬০ জন মোট ২৬০ জনের প্রশিক্ষণ গত ০৫মে ২০২১খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। জেলা এবং উপজেলা পর্যায়ে ১২টি ব্যাচের মাধ্যমে ৩২০ জনের প্রশিক্ষণ গত ১৮ আগষ্ট ২০২১খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে।বর্তমানে জেলা পর্যায়ে ৭৪টি এবং উপজেলা পর্যায়ে ১১৯টি সহ মোট ১৯৩টি অফিস ই-নথি লাইভে আছে।এছাড়াও জেলা পর্যায়ে এন্ড ইউজার ০১টি ব্যাচে ২৫ জন এবং সঞ্জীবনী ০৩টি ব্যাচে ৫০ জন করে ১৫০ জন কে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হবে। ই-নথি সিস্টেমের জরুরী মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় জেলা পর্যায়ে সরকারি অফিসের ই-নথির অবস্থান তুলে ধরা যাচ্ছে না। | ই-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যে সকল সরকারি অফিস লাইভে আছে সে সকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এন্ড ইউজার ০১টি ব্যাচে ২৫ জন এবং সঞ্জীবনী ০৩টি ব্যাচে প্রতি ব্যাচে ৫০ জন করে ১৫০ জনকে ই-নথি প্রশিক্ষণ আগামী সেপ্টেম্বর/২০২১ মাসে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৬ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদের মাসিক অবস্থান এবং বিশেষ করে যে সকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ অপেক্ষাকৃত কম হয়েছে সেগুলোর অবস্থান তুলে ধরা হয়। জেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ চিত্র তুলে ধরা হয় এবং সংশ্লিষ্ট অফিস এর অফিস প্রধান কে সভায় সংযুক্ত করে তার দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। এছাড়াও সদস্য সচিব, সভাকে অবহিত করেন যে, জেলা ও উপজেলা পর্যায়ে ওয়েব পোর্টালের ১৫টি ব্যাচের মাধ্যমে ৩৭৫ জনকে শীঘ্রই সরাসরি প্রশিক্ষণ প্রদান করা হবে। | জেলা এবং উপজেলা পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্যে সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। যে সকল সরকারি অফিসকে পুনঃরায় তাগিদপত্র পত্র প্রেরণ করার পরও ওয়েব পোর্টাল হালনাগাদেরকোন অগ্রগতি হচ্ছে না সে সকল দপ্তরের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল)<br><br>অতিরিক্ত জেলা প্রশাসক<br><br>(শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি)<br>সহকারী প্রোগ্রামার (সকল) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভ কামনা এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৮

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮
১২ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ
২) পুলিশ সুপার, ময়মনসিংহ
৩) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, ময়মনসিংহ
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ
৭) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ
৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১০) অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
১১) অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ
১৩) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ
১৪) উপ পরিচালক, জেলা সমাজ সেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ
১৬) বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ
১৭) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ
১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ
১৯) প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ
২০) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ
২১) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি
২২) জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ
২৩) জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ
২৪) জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম
২৫) জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।
২৬) জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ
২৭) জনাব সামিউল মামুন, এসিট্যান্ট ম্যানেজার, সামিট কমিউনিকেশন লিমিটেড, ময়মনসিংহ
২৮) জনাব এস এ এম বশির, CTO, অনিক কম্পিউটার নেটওয়ার্ক, ময়মনসিংহ
২৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার